## আমার দেশ




ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি ড. নিয়াজ আহমদ খানের সঙ্গে শনিবার বৈঠক করেন ডিএমপি কমিশনার শেখ সাজ্জাত আলী ©আমার দেশ

# সাম্য হত্যাকাণ্ডের বিচার হবে বিশেষ ট্রাইব্যুনালে

**ব্রিফিংয়ে ডিএমপি কমিশনার**

**ঢাবি প্রতিনিধি**

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) শিক্ষার্থী শাহরিয়ার আলম সাম্য হত্যার ঘটনা আগামী এক সপ্তাহের মধ্যে উদঘাটিত হবে বলে জানিয়েছেন ডিএমপি কমিশনার শেখ মো. সাজ্জাত আলী। তিনি বলেন, এর পর চার্জশিট দিয়ে বিচারের জন্য বিশেষ ট্রাইব্যুনালে পাঠিয়ে অপরাধীদের সর্বোচ্চ শাস্তি নিশ্চিতের সব ব্যবস্থা নেবে পুলিশ।

গতকাল শনিবার বিকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি ড. নিয়াজ আহমদ খানের সঙ্গে তার লাউঞ্জে আলোচনা শেষে সাংবাদিকদের ব্রিফিংকালে তিনি এ কথা বলেন। তিনি বলেন, গভীর রাতে এই ঘটনা ঘটেছে। এই ঘটনায় যারা জড়িত আমরা তাদের আটক করেছি। তাদের আদালত রিমান্ড দিয়েছে। আশা করছি, এক সপ্তাহের মধ্যে এই ঘটনা উদঘাটিত হবে।

তিনি আরো বলেন, পরবর্তী কার্যক্রম সাত দিনে শেষ করে আমরা পুলিশের তরফ থেকে একটি পূর্ণাঙ্গ ব্রিফ করার চেষ্টা করব। আমাদের আন্তরিকতার কমতি নেই। ইতোমধ্যে তদন্ত কার্যক্রম অনেক দূর এগিয়েছি। তবে তদন্তের স্বার্থে অনেক কথাই বলা হচ্ছে না।

এ সময় রমনা জোনের ডিসি মাসুদ আলম বলেন, আমরা তাৎক্ষণিকভাবে তিনজনকে গ্রেপ্তার করেছি। তাদের কাছ থেকে জানতে পারি আরেকজন তাদের সঙ্গে ছিলেন মোবাইল ট্র্যাকিং করে তাকে ধরা হয়।

তিনি আরো জানান, সব অ্যাঙ্গেল থেকেই কাজ করছি। বিভিন্ন স্থানের সিসিটিভি ফুটেজ এবং গ্রেপ্তারদের আমরা যখন রিমান্ডে পাব তাদের থেকে পাওয়া তথ্য নিয়ে নিবিড়ভাবে বিষয়টি খুঁটিয়ে দেখছি।

এসময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. নিয়াজ বলেন, এই ঘটনায় বিশ্ববিদ্যালয় নিজস্ব তদন্ত কমিটি গঠন করেছে। এই কমিটি সোমবার প্রতিবেদন জমা দেবে। এ ছাড়া ক্যাম্পাসের নিরাপত্তা বাড়াতে আমরা নানা পদক্ষেপ নিয়েছি।

এদিকে সাম্যের স্মরণে গতকাল সন্ধ্যায় রাজু ভাস্কর্যের পাদদেশে 'সন্ত্রাসবিরোধী শিক্ষার্থীবৃন্দ' ব্যানারে মোমবাতি প্রজ্বালন কর্মসূচি পালন করেছেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। এ সময় সাম্যের স্মরণে এক মিনিট নীরবতা পালন করা হয়।

# The Country Today



## DU student Shahriar Alam Samya's murder to be tried in Special Tribunal

**DU Correspondent**

The murder of Shahriar Alam Samya, a brilliant student of Dhaka University, will be tried in a special tribunal, and the perpetrators will be brought to justice swiftly, authorities said in a high-level meeting today.

During a special meeting held on Saturday at the office of the Vice-Chancellor of Dhaka University, senior officials of Continued to page 2

### DU student Shahriar Alam

Dhaka Metropolitan Police (DMP) and the University administration shared that the mystery behind Samya's killing will be fully revealed within a week.

Vice-Chancellor Prof Dr. Niaz Ahmed Khan, Pro-Vice Chancellor (Admin) Prof Dr. Saima Haque Bidisha, Pro-Vice Chancellor (Education) Prof Dr. Mamun Ahmed, DMP Commissioner Sheikh Mohammad Sajjat Ali (NDC), Dean of the Faculty of Arts and Head of the Investigation Committee Professor Dr. Siddiqur Rahman Khan, and others.

Key decisions in the meeting included remand of the arrested suspects will begin from 18 May, the case will be tried in a special tribunal to ensure swift justice, permanent closure of the gate of Suhrawardy Udyan (Park) adjacent to TSC, installation of more CCTV cameras, lighting, and a dedicated police box at Suhrawardy Udyan and increasing of campus security and regular search operations in the vicinity.

# The Daily Sun

## DU VC to meet home adviser over Shammo murder, seek justice, campus safety

**Daily Sun Report**, *Dhaka*

Dhaka University (DU) Vice-Chancellor Prof Dr Niaz Ahmed Khan is set to meet the home affairs adviser today and ask for strong support to ensure justice for Shahriar Alam Shammo, a DU student and a Chhatra Dal leader who died after being stabbed during a midnight altercation following a motorcycle collision near Suhrawardy Udyan near Bangla Academy on 13 May.

He succumbed to his injuries at Dhaka Medical College Hospital, sparking grief and outrage across the DU community.

In response, the university has taken action to assist the investigation and enhance campus security. The crime scene has been preserved, and CCTV footage from the TSC area has been handed over to law enforcement.

A seven-member investigation committee, led by Prof Dr Mohammad Siddiqur Rahman Khan, dean of the Faculty of Arts at DU, was formed on 14 May. The committee is to submit its report by tomorrow.

The university has also appealed to the public for evidence or eyewitness accounts, with interviews scheduled for Sunday at the Faculty of Arts.

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

DU in Media

৪ জ্যৈষ্ঠ ১৪৩২

18 May 2025

## The Daily Campus

# শিক্ষার্থীদের দ্রুত বিচারের দাবির সঙ্গে সম্পূর্ণ সংহতি প্রকাশ ঢাবি ভিসির

টিডিসি রিপোর্ট (https://thedailycampus.com/find?q=টিডিসি রিপোর্ট) প্রকাশ: ১৭ মে ২০২৫, ১১:১৩ PM , আপডেট: ১৮ মে ২০২৫, ১০:৫৯ AM



ঢাবি ভিসি © জনসংযোগ

রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানে ছুরিকাঘাতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) শিক্ষার্থী ও ছাত্রদল নেতা শাহরিয়ার আলম সাম্য হত্যাকাণ্ডের দ্রুত বিচারের দাবিতে আন্দোলন অব্যাহত রয়েছে। এ নিয়ে বিভিন্ন ছাত্রসংগঠন ও সাধারণ শিক্ষার্থীরা নানা কর্মসূচি পালন করছে। এদিকে, গতকাল শুক্রবার (১৬ মে) দুপুর ১২টার দিকে 'প্রকৃত' আসামিদের গ্রেপ্তারের দাবিতে শাহবাগ থানা ঘেরাও করা হয়েছে। 'বাংলাদেশের সাধারণ ছাত্রসমাজ' ব্যানারে শিক্ষার্থীদের একটি দল প্রায় দেড় ঘণ্টা শাহবাগ থানার সামনে অবস্থান নেন। পরে আসামিদের গ্রেপ্তারে ৪৮ ঘণ্টার সময়সীমা বেঁধে দেন তারা। এরপর সেখান থেকে সরে যান শিক্ষার্থীরা।

এই হত্যাকাণ্ডে দ্রুত বিচার নিয়ে শিক্ষার্থীদের দাবির সঙ্গে সম্পূর্ণ সংহতি জানিয়েছেন ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান। আজ শনিবার (১৭ মে) বিকেলে বিশ্ববিদ্যালয়ের ভিসির সভাকক্ষে বিশ্ববিদ্যালয় প্রশাসনের সঙ্গে ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) উর্ধ্বতন কর্মকর্তাদের এক বিশেষ বৈঠকে তিনি এ সংহতি জানিয়েছেন।

বৈঠকে অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বলেন, গত ১৩ মে দিবাগত রাতে আমাদের শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের ছাত্র শাহরিয়ার আলম সাম্য একটি নৃশংস হত্যাকাণ্ডের শিকার হয়েছে। এই মর্মান্তিক ঘটনার পরে বিশ্ববিদ্যালয় প্রশাসন ও আইন শৃঙ্খলা বাহিনী সরকারের বিভিন্ন মহলে প্রতিনিয়ত কাজ করে যাচ্ছে। আমাদের শিক্ষার্থীদের দ্রুত বিচারের যে দাবি তার সাথে সম্পূর্ণ সংহতি প্রকাশ করেছি আমি।

"তারই ধারাবাহিকতায় আজকে আমরা ডিএমপি কমিশনারের নেতৃত্বে তার পুলিশের মাঠ পর্যায়ের সকল গুরুত্বপূর্ণ কর্মকর্তাসহ ডিবি পুলিশসহ একটি বিশেষ একটি বৈঠক হলো। যাতে আমরা পরস্পরের তথ্য শেয়ার করতে পারি এবং অগ্রগতি কতটুকু হলো তার হালনাগাদ তথ্য পেতে পারি। দ্রুততম সময়ে এই মর্মান্তিক হত্যাকাণ্ডের বিচার যেন পাই সেজন্য আমরা পুলিশকে সাহায্য করছি।"

তিনি বলেন, পুলিশের কাছ থেকেও আমরা এখন পর্যন্ত যা তথ্য পেয়েছি তার ভিত্তিতে ব্যাপারটিকে কীভাবে আরও ত্বরান্বিত করা যাই সেই বিষয়ে আমাদের আলোচনায় বিস্তারিত আলোচনা হয়েছে। এই আলোচনার পদক্ষেপ হচ্ছে আমরা আগামীকাল (রবিবার) স্বরাষ্ট্র উপদেষ্টার সাথে বিকাল ৩টায় একটি বিশেষ সভার আয়োজন করেছি। আজকের এই আলোচনার কিছু মূল নির্যাস আমরা আপনাদের সাথে একটু শেয়ার করবো।

পরে ডিএমপি কমিশনার শেখ মো. সাজ্জাত আলী বলেন, অপরাধীদের আগামীকাল থেকে রিমান্ড শুরু হবে। দ্রুত তদন্ত কাজ শেষ করে আদালতে চার্জশিট দাখিল করা হবে। আগামী এক সপ্তাহের মধ্যে হত্যার ঘটনা উদঘাটিত হবে উল্লেখ করেন তিনি। বিশেষ ট্রাইব্যুনালের মাধ্যমে এ হত্যার বিচার কাজ দ্রুততম সময়ে সম্পন্ন হবে বলে তিনি আশা প্রকাশ করেন।

## কালবেলা



# জড়িতদের শাস্তি নিশ্চিতে 'সব' করবে পুলিশ

ঢাবি ছাত্রদল নেতা সাম্য হত্যা

ঢাবি প্রতিনিধি

জড়িতদের শাস্তি

## দিনকাল



# ঢাবি শিক্ষার্থী সাম্য হত্যা: গ্রেফতার তিনজন রিমান্ডে

ঢাবি শিক্ষার্থী সাম্য হত্যা

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯



## আজকের পত্রিকা



## আমাদের সময়



### মোমবাতি হাতে গানে গানে সাম্যকে স্মরণ সহপাঠীদের

ঢাবি প্রতিবেদক ●

মোমবাতি হাতে